

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৯৪/২০১৬

অভিযোগকারী : জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ  
পিতা-আলী আজম  
ছফুরা ম্যানশন ৩য় তলা, নশরতপুর  
পো+উপজেলা-লাকসাম, কুমিল্লা

প্রতিপক্ষ : জনাব মোঃ শহীদ উল্লাহ  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
নূরুল আমিন মজুমদার ডিগ্রী কলেজ,  
লাকসাম, কুমিল্লা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩১-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ১০-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শহীদ উল্লাহ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), নূরুল আমিন মজুমদার ডিগ্রী কলেজ, লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১। বিগত ৫ শিক্ষা বৎসরের যে সকল ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের নাম ঠিকানা পাওয়ার আবেদন।
- ২। ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক সকল শ্রেণীতে যে সকল ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে তাদের নাম ঠিকানা পাওয়ার আবেদন।
- ৩। বিগত ৫ বৎসরের প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের তালিকা পাওয়ার জন্য আবেদন।
- ৪। কলেজে দায়িত্বরত সকলের নাম পদবী ও মোবাইল নম্বর পাওয়ার জন্য আবেদন।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-০২-২০১৬ তারিখে সভাপতি ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), নূরুল আমিন মজুমদার ডিগ্রী কলেজ, লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির, কিন্তু প্রতিপক্ষ গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ৩১-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩১-০৫-২০১৬ তারিখে শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উভয়েই হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। অভিযোগ পরবর্তী সময়ে তিনি যে তথ্য প্রাপ্ত হয়েছেন তা পূর্ণাংগ নয় মর্মে কমিশনকে অবহিত করেন।
- ৬। প্রতিপক্ষ জনাব মোঃ শহীদ উল্লাহ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), নূরুল আমিন মজুমদার ডিগ্রী কলেজ, লাকসাম, কুমিল্লা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি ভারপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্মরত থাকায় অভিযোগকারীর চাহিত তথ্য যথাযথ সময়ে সরবরাহ করতে পারেন নি। তথাপি কমিশনে নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীকে চাহিত পূর্ণাংগ তথ্যাদি পুনরায় সুবিন্যস্তভাবে সরবরাহের নিচয়তা প্রদান করেন। এজন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য পুনরায় সুবিন্যস্তভাবে কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিচয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য, মোবাইল ফোন নথরের ক্ষেত্রে শুধুমাত্র স্কুল কর্তৃপক্ষ থেকে সরবরাহকৃত নথরসমূহ প্রদানযোগ্য হবে, ব্যক্তিগত অর্থায়নে ব্যবহৃত নথরসমূহ সরবরাহযোগ্য নয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। উপর্যুক্ত পর্যালোচনা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ২০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণসঁ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শহীদ উল্লাহ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), নূরুল আমিন মজুমদার ডিপ্টী কলেজ, লাকসাম, কুমিল্লা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

<b>স্বাক্ষরিত</b> (প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ) তথ্য কমিশনার	<b>স্বাক্ষরিত</b> (নেপাল চন্দ্র সরকার) তথ্য কমিশনার	<b>স্বাক্ষরিত</b> (অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান) প্রধান তথ্য কমিশনার
---	---	--